

## স্নাতকোত্তর পাঠক্রম

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ২০০৬ পাঠ-২

বাংলা

পঞ্চম পত্র

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

(মানের গুরুত্ব : ৮০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।

অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপাস্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

- ১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন :  $১৮ \times ২ = ৩৬$   
[২৫০ থেকে ৩০০ শব্দের মধ্যে লিখতে হবে]
- (ক) বঙ্কিমচন্দ্র তাঁর 'সাম্য' প্রবন্ধে রুশো এবং ফরাসিবিপ্লব সম্পর্কে যা বলেছেন, তার যৌক্তিকতা বিচার করুন।
- (খ) 'কৌতুকহাস্য' ও 'কৌতুকহাস্যের মাত্রা' নিবন্ধদুটিতে রবীন্দ্রনাথের কৌতুকহাস্যের আলোচনা সংক্ষেপে প্রকাশ করুন।
- (গ) রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর 'সুখ না দুঃখ' প্রবন্ধটির মধ্যে সুখের সংজ্ঞা, শ্রেণিকরণ ও সুখের সঙ্গে মানবজীবনের যে সম্পর্ক নির্দেশ করা হয়েছে, তা আলোচনা করুন।
- (ঘ) বুদ্ধদেব 'উত্তর তিরিশ' রচনাটি কোন্ জাতীয় প্রবন্ধ, তা জানিয়ে, সেই ধরনের প্রবন্ধের লক্ষণগুলি এখানে কি আছে আলোচনা করুন।
- ২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন :  $১২ \times ৩ = ৩৬$   
[২০০ থেকে ২৫০ শব্দের মধ্যে লিখতে হবে]
- (ক) রূপকথার যেসব বৈশিষ্ট্য শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় উপস্থাপন করেছেন, সেগুলি আলোচনা করুন।
- (খ) 'জাতি, সংস্কৃতি ও সাহিত্য' প্রবন্ধে সুনীতিকুমার চট্টোপাধ্যায় বাঙালি সংস্কৃতির যে পর্যায়-বিবর্তন আলোচনা করেছেন, সেটির যৌক্তিকতা সম্পর্কে আপনার মতামত লিখুন।

P.T.O.

- (গ) 'মোটیف' (motif) শব্দটির অর্থবিচার করুন। সুকুমার সেনের প্রবন্ধে আলোচিত গল্পগুলিতে কী কী মোটিফ আলোচনা করেছেন, তা সংক্ষেপে লিখুন।
- (ঘ) 'ভেজাল ও নকল' প্রবন্ধটিতে ভেজাল রোধের প্রশাসনিক উপায় আলোচনা করুন।
- (ঙ) মানুষের সৌন্দর্যবুদ্ধির বিকাশের ধারাটি রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর 'সৌন্দর্যবুদ্ধি' প্রবন্ধ অবলম্বনে সংক্ষেপে আলোচনা করুন।
- (চ) বঙ্কিমচন্দ্রের 'সাম্য' রচনাটি অবলম্বনে উনিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলার কৃষকদের অবস্থা ও তার কারণ আলোচনা করুন।
- ৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন :  $৭ \times ৪ = ২৮$   
[১০০ থেকে ১৫০ শব্দের মধ্যে উত্তর লিখতে হবে]
- (ক) 'পরান মণ্ডল' কে? তার চরিত্রকে কেন্দ্র করে বঙ্কিমচন্দ্র কী বক্তব্য উপস্থাপন করতে চেয়েছিলেন?
- (খ) 'মানুষ অন্ধশক্তির হাতের পুতুল মাত্র।' — এই ধারণা আপনি কতদূর সমর্থন করেন, তা লিখুন।
- (গ) রূপকথা বাস্তব জীবনের অপূর্ণতাকে কীভাবে পূর্ণ করে তোলে, তা লেখকের মতানুযায়ী আলোচনা করুন।
- (ঘ) বাংলার রেনেসাঁসে মুসলমান সমাজের ভূমিকা কী ছিল, এ বিষয়ে কাজী আবদুল ওদুদের বক্তব্য সংক্ষেপে লিখুন।
- (ঙ) অসংগতি কীভাবে কমেডি ও ট্র্যাজেডির মূল বিষয় হয়ে ওঠে, তার দুয়েকটি উদাহরণ দিয়ে আলোচনা করুন।
- (চ) 'ভেজাল ও নকল' প্রবন্ধ রচনায় লেখকের সামাজিক দৃষ্টিভঙ্গি কীভাবে সক্রিয় হয়েছে, তা সংক্ষেপে লিখুন।
- (ছ) 'গল্পের গাঁটছড়া' রচনাটির নামকরণ সম্পর্কে আপনার অভিমত জানান।
- (জ) 'উত্তর-তিরিশ' প্রবন্ধে যেভাবে নবীন ও প্রৌঢ় জীবনের তুলনা করেছেন, তা লেখকের আত্মদর্শনেরই অংশ। — আলোচনা করুন।
- (ঝ) কোন বিদেশি কবির আত্মজীবনীতে রূপকথার প্রসঙ্গ পাওয়া যায়?
- (ঞ) 'ইয়ং বেঙ্গল' বলতে কাদের বোঝানো হয়েছে এবং কেন?